# রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

## রংপুর সিটি কর্পোরেশনের বিশেষ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় ঃ ২৩.০২.২০২৫ ইং, রবিবার, বেলা ঃ ৩:০০ টা

সভার স্থান ঃ রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ।

উপস্থিতি ঃ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"।

সভার প্রারম্ভে প্রশাসক মহোদয় ও উপস্থিত কাউন্সিলরবৃন্দও অন্যান্য সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

| ক্র/নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | উৎসে কর সংক্রান্ত আলোচনা। | প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন যে, কর অফিস, রংপুর হতে কিছুদিন পূর্বে শাখা পরিদর্শন করা হয়। উক্ত অফিস হতে আয়কর আইন, ২০২৩ অনুযায়ী ট্রেড লাইসেন্স প্রদানের ক্ষেত্রে উৎসে কর কর্তনের অনুরোধ করা হয়েছে। তিনি আরও বলেন ২০২৪-২০২৫ অর্থ বছরে ট্রেড লাইসেন্স প্রদানে ২,০০০/-(দুই হাজার) টাকা করে উৎসে কর আদায়ের প্রস্তাব গত ১৩.০৮.২০২৪ইং তারিখের মাসিক সভায় উপস্থাপন করা হয়েছিল। কিন্তু পরিষদের সিদ্ধান্ত মোতাবেক উৎসে কর গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে অদ্যাবধি ট্রেড লাইসেন্স প্রদানের ক্ষেত্রে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে উৎসে কর কর্তন করা হয়নি। এ বিষয় প্রশাসক মহোদয় আয়কর আইন ২০২৩ অনুযায়ী ট্রেড লাইসেন্স নতুন/ নবায়নের ক্ষেত্রে উৎসে কর প্রদানের চালান কপি সংগ্রহপূর্বক কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন। | আয়কর আইন ২০২৩ অনুযায়ী ট্রেড লাইসেন্স গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান কর্তৃক তাদের ২,০০০/-(দুই হাজার) টাকা উৎসে কর সরকারি কোষাগারে জমা প্রদানের চালান কপির আলোকে ট্রেড লাইসেন্স প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শাখা প্রধান ট্রেড লাইসেন্স শাখা |
| ২ | মোঃ সাব্বির আহম্মেদ, সভাপতি বেগম রোকেয়া ইউনিভার্সিটি ডিবেট অ্যাসোসিয়েশন ব্রুডা এর আবেদনের প্রেক্ষিতে আর্থিক সাহায্য প্রদান। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মোঃ সাব্বির আহম্মেদ, সভাপতি, বেগম রোকেয়া ইউনিভার্সিটি ডিবেট অ্যাসোসিয়েশন ব্রুডা এর আবেদনটি সভায় উপস্থাপন করেন। প্রশাসক মহোদয় ১৫,০০০/-(পনের হাজার) টাকা অনুদান দেয়ার নির্দেশনা প্রদান করেন। | ১৫,০০০/-(পনের হাজার) টাকা আর্থিক অনুদান প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রঃ হিঃ রঃ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ক) বৈষম্যের শিকার ৩১ জন কর্মকর্তা/ কর্মচারীকে পুনঃ নিয়োগ আবেদন। | ১। সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা বৈষম্যের শিকার কর্মকর্তা/কর্মচারীগণের নিয়োগ এর বিষয়টি বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটকে উপস্থাপন করার জন্য বলেন। এ বিষয়ে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট তদন্ত কমিটির রিপোর্টের আলোকে বলেন:<br>১) রংপুর সিটি কর্পোরেশনের বৈষম্যের শিকার কর্মকর্তা/ কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে নিয়োগ প্রক্রিয়ার কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, নিয়োগ প্রক্রিয়া পরিচালনা কার্যক্রমের জন্য কোন ধরণের অনুমোদন ছিল না এবং যথাযথ প্রক্রিয়া মেনে নিয়োগ দেয়া হয়নি। নিয়োগ ছিল সম্পূর্ণ অস্থায়ী বা চুক্তিভিত্তিক এছাড়া নিয়োগকৃত কর্মচারীদের অপসারণ প্রক্রিয়ারও যথাযথ নথিপত্র পাওয়া যায়নি এবং পরবর্তীতে অস্থায়ী/চুক্তিভিত্তিক/দৈনিক হাজিরাভিত্তিক যাদের নিয়োগ দেয়া হয়েছে সেসব ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা হয়নি।<br>২) অর্থ বিভাগের ১০/১০/২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১২৯.০০.০০২.১৬-১১৬নং স্মারক পত্রে দেখা যায় রংপুর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে তিন ধাপে মোট ৪৩৮ টি পদ সৃজন করা হয় তম্মধ্যে ১২৩ জনকে আউটসোর্সিং হিসেবে অনুমোদন দেয়া হয়েছে কিন্তু বর্তমানে রংপুর সিটি কর্পোরেশনে মাস্টার রোলে ৬৯ জন ও দৈনিক মজুরীর ভিত্তিতে ৬২৪ জন কর্মরত রয়েছে, যা সৃজিত পদের তুলনায় অনেক বেশি।<br>৩) চাকুরিচ্যুত কর্মচারীগণকে দায়েরকৃত রিট পিটিশনের প্রক্রিয়াও বিচারাধীন রয়েছে, সুতরাং মামলা চলমান অবস্থায় তাদের স্বপদে বহাল/ পুনঃ নিয়োগের কোন সুযোগ নেই এবং কোন অনুমোদিত অর্গানোগ্রাম না থাকায় মামলা তুলে নেয়ার শর্তে পূর্বের পদে নিয়োগ দেয়ার সুযোগ নেই। তবে যথাযথ অনুমোদন ও প্রক্রিয়া অনুসরণপূর্বক আবেদনকারীদের নতুনভাবে দৈনিক মজুরি/আউটসোর্সিং ভিত্তিতে কাজের সুযোগ করে দেয়া যেতে পারে। তিনি আরো উল্লেখ করেন যে, বর্তমানে ও মামলাটি চলমান রয়েছে, যার রীট পিটিশন নং- ১) ৯০৮২/১৮, ২) ১১০৮৭/১৮, ৩) ১২৪৬/১৮, ৪) ১১০৬/১৯, ৫)২০৩৭/১৯।<br><br>এ বিষয়ে প্রশাসক মহোদয় বলেন যে, যেহেতু ইতোপূর্বে মেয়র মহোদয় পূর্বে নিয়োগকৃত ১৭৭ জনের মধ্যে বৈষম্যের স্বীকার ৩১ জন কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্যান্যদের নিয়োগ দিয়েছেন সেহেতু চাকুরীতে পুনঃ নিয়োগ না | ক) ৩১ জন কর্মকর্তা/ কর্মচারীকে তাদের স্ব-স্ব নামে যে সকল শর্তে প্রথম যোগদানকালীন সময়ে যে পদে নিয়োগ করা হয়েছিল, সে সকল পদের এবং চাকরিচ্যুতির পূর্বের সর্বশেষ আহরিত বেতনে পুনর্বহাল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত কর্মকর্তা/ কর্মচারীগণের চাকরিচ্যুতিকালীন সময়কে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। তারা অসাধারণ ছুটিকালীন সময়ের কোনরুপ বকেয়া বেতন প্রাপ্ত হবে না এবং পরবর্তীতে বকেয়া বেতন দাবী করতে পারবেন না, এছাড়াও তাদের দায়েরকৃত সকল মামলা প্রত্যাহার করার/পূর্বের ন্যায় পৃথক পৃথকভাবে অঙ্গিকারনামা প্রদানের শর্তে চাকুরিতে পুনর্বহাল হবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃ দাঃ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাওয়া ৩১ জন কর্মকর্তা/কর্মচারীও চাকুরিতে নিয়োগ পাওয়ার যোগ্য। এক্ষেত্রে তিনি বলেন যে পূর্বে ১১১ জনকে যেভাবে নিয়োগ প্রদান করা হয়েছে, একইভাবে বঞ্চিত ৩১জন কর্মকর্তা/কর্মচারীকেও নিয়োগ প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | | |
| | খ) হাইকোর্টের রায়প্রাপ্ত শিক্ষকদের পুনঃ নিয়োগ। | ২। প্রধান নির্বাহী কর্মকর্তা হাইকোর্টের রায়প্রাপ্ত শিক্ষকদের পুনঃ নিয়োগের বিষয়টি সভায় উপস্থাপন করেন। প্রশাসক মহোদয় আপীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | আপীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৪ | বিবিধ ঃ<br>ক) চাকুরীচ্যুত হরিজন (পরিষ্কার পরিচ্ছন্ন) কর্মী নিয়োগ। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা ১৫ জন হরিজনের চাকুরিতে পুনঃ নিয়োগের আবেদনের বিষয়টি উপস্থাপন করেন। এ প্রসঙ্গে জনাব হাসান রাহী, সহকারী পরিচ্ছন্ন কর্মকর্তা বলেন যে, রাত্রিকালীন ময়লা অপসারণের সময় তারা দায়িত্বে অবহেলা করেছিল। বিধায় তাদেরকে চাকুরি হতে অপসারণ করা হয়েছিলো। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রশাসক মহোদয় চাকুরিচ্যুত হরিজন সম্প্রদায়ের ১৫জন কর্মচারীদেরকে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগ দেয়ার জন্য নির্দেশ প্রদান করেন। | ১৫ জন চাকুরিচ্যুত হরিজনকে দৈনিক মজুরী ভিত্তিতে পুনরায় চাকুরিতে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/২/২৫

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

২৬/২/২৫

১১/৬

# রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৫-৮১৭

২০৩১ বঙ্গাব্দ
তারিখঃ ১৫ ফাল্গুন
২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর সিটি কর্পোরেশন।
৭। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
৯। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১০। বিভাগীয় কমিশনার মহোদয়ে একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল. . . . . . রংপুর সিটি কর্পোরেশন।
১২। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদা), রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রকৌশলী (অঃ দাঃ), পানি সরবরাহ শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
১৫। সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৬। প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১৭। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৮। ..............................................................রংপুর সিটি কর্পোরেশন।
১৯। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
২০। অফিস নথি।

২৭/০২/২৫


উম্মে ফাতিমা
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.